মহাজাতি সদনের ৮৭তম প্রতিষ্ঠা দিবসে নেতাজি সুভাষচন্দ্র বসু এবং রবীন্দ্রনাথ ঠাকুরকে শ্রদ্ধা জানাচ্ছেন বিধানসভার অধ্যক্ষ বিমান ব্যানার্জি। মঙ্গলবার। ছবি: অভিজিৎ মণ্ডল

৩ মামলায় বেকসুর সুদীপ্ত, দেবযানী

আজকালের প্রতিবেদন

সারদা আর্থিক দুর্নীতির অভিযোগের তিনটি মামলায় বেকসুর খালাস পেলেন সারদা-কর্তা সুদীপ্ত সেন ও দেবযানী মুখার্জি। মঙ্গলবার ব্যাঙ্কশাল আদালতে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক ওই আদেশ দিয়েছেন। ২০১৩ সালে হেস্টিংস থানায় তিনটি মামলা রুজু হয়েছিল। সরকারি কৌঁসুলি তরুণ চ্যাটার্জি জানান, তিনটি মামলাই সারদা ট্যুরস অ্যান্ড ট্র্যাভেলস সংক্রান্ত। ২০১৩ সালে তিনজন লগ্নিকারী অভিযোগ দায়ের করেন। আর্থিক প্রতারণা ও বিশ্বাসভঙ্গের মামলা। দেবযানী মুখার্জির আইনজীবী শুভজিৎ বল জানান, আর্থিক প্রতারণা ও বিশ্বাসভঙ্গের অভিযোগ আদালতে প্রমাণিত হয়নি। প্রসঙ্গত, সারা দেশে সারদা-কাণ্ডে প্রায় ৩০০ মামলা রয়েছে। তাই এখনই জেলমুক্তি হচ্ছে না সুদীপ্ত সেন ও দেবযানী মুখার্জির।

মহিলাকে নির্যাতন

আজকালের প্রতিবেদন

সিনেমায় অভিনয়ের সুযোগ করিয়ে দেওয়ার নামে এক মহিলার ওপর দু'বছর ধরে চলছিল শারীরিক নির্যাতন। অবশেষে কসবা থানায় অভিযোগ জানান তিনি। ২০২৩ সালের আগস্ট মাস থেকে দুই ব্যক্তি তাঁর ওপর নির্যাতন করেছে। অভিযোগ পাওয়ার পরই কসবা থানা ভারতীয় ন্যায় সংহিতার দুটি ধারায় মামলা শুরু করেছে। জানা গেছে, রাজর্ষি দে এবং রিকি নামে দুই ব্যক্তির বিরুদ্ধে পুলিশ তদন্ত শুরু করেছে। মহিলার লিখিত অভিযোগ জমা পড়েছে থানায়।

ডাক্তারির ভর্তি প্রক্রিয়া শুরু করার আবেদন

আজকালের প্রতিবেদন

ডাক্তারির স্নাতক স্তরে এমবিবিএস ও বিডিএসে ভর্তি প্রক্রিয়া স্থগিত রাখার সিদ্ধান্ত প্রত্যাহার করার জন্য আবেদন জানানো হয় চিকিৎসক সংগঠন সার্ভিস ডক্টর্স ফোরামের তরফে। স্বাস্থ্য (শিক্ষা) অধিকর্তাকে চিঠি দিয়ে সদস্যরা জানান, নিটে উত্তীর্ণ হওয়া পড়ুয়ারা উদ্বেগের মধ্যে রয়েছেন। অনেক মেধাবী পড়ুয়া এ রাজ্য ছেড়ে অন্যত্র চলে যেতে পারেন। আগামীতে ভাল মেধাবী ডাক্তারের ঘাটতি হওয়ার আশঙ্কাও উড়িয়ে দেওয়া যায় না। অবিলম্বে যথাযথ ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিতে বলেন সংগঠনের সদস্যরা। নির্দিষ্ট সময়সীমার মধ্যে ছাত্রছাত্রীদের ভর্তি সম্পূর্ণ করার জন্য আবেদন জানানো হয়। এদিন ডিএসও-এর পক্ষ থেকে স্বাস্থ্যভবনে গিয়ে স্মারকলিপি জমা দেওয়া হয়। আইনি জটিলতার জন্য আপাতত এমবিবিএস ও বিডিএসে ভর্তি প্রক্রিয়া স্থগিত রাখা হয়ে হয়েছে বলে জানিয়েছেন স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম। জরুরি ভিত্তিতে এ ব্যাপারে ব্যবস্থা নিয়ে সেপ্টেম্বর মাসের মধ্যে ডাক্তারির প্রথম বর্ষের পঠনপাঠন শুরু করা যায় তার আবেদন জানানো হয় ডিএসও-এর তরফে।

হেরোইন এনে ধৃত ২

পলাশি থেকে বাইকে হেরোইন নিয়ে কলকাতায় এসেছিল দুই যুবক। কলকাতা পুলিশের গোয়েন্দা বিভাগের নারকোটিক সেল তাদের ধরল। নাম শুভঙ্কর পাঁজা এবং সৌরভ প্রধান ওরফে কসাই। এরা পর্ণশ্রী থানা এলাকার বাসিন্দা। এসএসকেএম হাসপাতালের সামনে থেকে এদের ধরা হয়েছে। পুলিশ জানিয়েছে, একটি প্যাকেটে ৭৬০ গ্রাম হেরোইন নিয়ে এরা আসছিল।

প্রবীণদের স্মার্টফোনের প্রশিক্ষণ দিতে শিবির

সম্বৃতা মুখার্জি

স্মার্টফোনে ফেসবুক খুলে এবার অনলাইনে পুজো দেখতে পারবেন প্রবীণরাও। পুজোর সময় ভিড় এড়িয়ে, ঘরে বসেই দর্শন করতে পারবেন বিভিন্ন পুজোর প্রতিমা। আলোর জাঁকজমক, মণ্ডপের সাজসজ্জা। পাশাপাশি শারদোৎসবের সময় যদি একটু পাল্টাতে চান মুখের স্বাদ, নিজেরাই খাবার অর্ডার দিতে পারবেন অনলাইনে। শহরের প্রবীণ নাগরিকদের স্মার্টফোনে দক্ষ করে তুলতে এগিয়ে আসছে সমাজ সংগঠন 'সংবেদন।' পুজোর আগেই প্রবীণদের স্মার্টফোনে সরগড় করে তুলতে চাইছে তারা। ফেসবুক, হোয়াটস অ্যাপ-সহ বিভিন্ন অ্যাপে তাঁদের দক্ষ করে তুললে পুজোর সময় একাকিত্ব কাটবে তাঁদের। বিভিন্ন সংস্থা, যাঁরা প্রবীণদের পুজো পরিক্রমা করায় সেখানে অনলাইনে আবেদন করতে পারবেন তাঁরা। এছাড়াও জরুরিভিত্তিক ফোন করতে পারবেন। অনলাইনে বিদ্যুতের বিল জমা দিতে পারবেন। প্রয়োজনীয় ওষুধ দোকানে না গিয়েই বাড়িতে আনিয়ে

নিতে পারবেন অনলাইনে। দূরে থাকা আত্মীয়দের সঙ্গে ভিডিও কলে কথা বলতে পারবেন তাঁরা। আর এই সব বিষয়ে দক্ষ করে তুলতে সংবেদন আয়োজন করছে একটি কর্মসূচির। কাল, বৃহস্পতিবার বিশ্ব প্রবীণ নাগরিক দিবস। সংবেদনের সম্পাদক সমিত সাহা জানালেন, এই দিন উপলক্ষেই প্রবীণ নাগরিকদের স্মার্টফোনে খুঁটিনাটি জানাতে চাইছেন তাঁরা। বিশেষ করে সেই সমস্ত অ্যাপগুলি সম্পর্কে ধারণা দিতে চাইছেন তাঁদের, যে অ্যাপগুলির ব্যবহার জীবনযাপনকে আরও সহজ করে তুলবে। উল্টোডাঙা মুচিবাজারে খোলা হাওয়া মুক্তমঞ্চে ২১ আগস্ট বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত হবে এই কর্মসূচি। 'প্রবীণ নাগরিকদের ফোন প্রশিক্ষণ' দেবে এখনকার কিশোর-কিশোরীরা। ধৈর্য ধরে তাঁদের বিভিন্ন অ্যাপ সম্পর্কে ধারণা দেবে। সমিত সাহা বলেন, 'শুধু এই একদিন নয়, আমরা চাইছি ধারাবাহিকভাবে এই উদ্যোগ চালিয়ে যেতে। সপ্তাহে একদিন অথবা ১৫ দিনে একদিন করে বৃদ্ধ-বৃদ্ধাদের হাতে ধরে স্মার্টফোনের ব্যবহার শেখাতে। স্মার্টফোনে অনেক রকম বিপদও থাকে। তাঁরা যাতে প্রতারণার শিকার না হন, তার জন্য কী কী সাবধানতা অবলম্বন করতে হবে তাও দেখিয়ে দেওয়া হবে। বিপদকে এড়িয়ে যদি তাঁরা স্মার্টফোনের সুবিধাগুলো নিতে পারেন, তাহলে তাঁরা সমাজ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়বেন না। ঘরে বসেও উপভোগ করতে পারবেন প্রযুক্তির সুবিধা।' এখনও পর্যন্ত আশপাশের এলাকার প্রায় ২৫ জন প্রবীণ মানুষ এই প্রশিক্ষণে অংশ নিতে উৎসাহী হয়েছেন বলে জানা গিয়েছে।

টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড

TATA

রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ১১, টাওয়ার 'এ', পেনিনসুলা বিজনেস পার্ক, গণপত রাও কদম মার্গ, লোয়ার পরেল, মুম্বই-৪০০০১৩ | CIN No.: U67190MH2008PLC187552

দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

[সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট রুলস, ২০০২-এর রুল ৮(১)-সহ পঠনীয় পরিশিষ্ট IV অনুযায়ী]

যেহেতু, নিম্নস্বাক্ষরকারী টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড-এর অনুমোদিত আধিকারিক হিসেবে সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নোক্ত ঋণগ্রহীতাগণের প্রতি নীচে লেখা তারিখ সংবলিত দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে ওই বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক পরিশোধের জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতা সংশ্লিষ্ট পরিমাণ অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণের প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮-সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।

বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে-কোনও ধরনের লেনদেন নীচে উল্লিখিত অর্থাঙ্ক-সহ নীচে উল্লিখিত তারিখ থেকে এর ওপর সুদ, জরিমানা সুদ, চার্জ, মাশুল ইত্যাদি সমেত টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড-এর প্রতি দায় সাপেক্ষ হবে।

উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য মেয়াদের মধ্যে এই সুরক্ষিত পরিসম্পদগুলি ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

লোন অ্যাকাউন্ট নং	দায়বদ্ধ(গণ)/ আইনি উত্তরাধিকারী(গণ)/ আইনি প্রতিনিধি(গণ)-এর নাম	দাবি বিজ্ঞপ্তি অনুযায়ী দাবিকৃত অর্থাঙ্ক	দখলের তারিখ
TCHHL05 00000100 087219	মিঃ মহম্মদ মোতি এবং মিসেস সাইরা বানো	₹১২,৩৮,১৪৬/- (বারো লক্ষ আটত্রিশ হাজার একশো ছেচল্লিশ টাকা মাত্র) ১৫.০৫.২০২৫ অনুযায়ী	১৮.০৮.২০২৫

সুরক্ষিত পরিসম্পদ/ স্থাবর সম্পত্তির বিবরণ: কমবেশি ১ বিঘা, ১ কাঠা, ৬ ছটাক এবং ২৯ বর্গফুট জমির অবিভক্ত সমানুপাতিক অংশ সহ তাজ অ্যাপার্টমেন্ট নামে কমপ্লেক্সের ব্লক-১ এর তৃতীয় তলে আবাসিক ফ্ল্যাট নং টাইপ সি এর সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশ, মাপ ১০৯১ বর্গফুট, মৌজা হাওড়া, আর এস দাগ নং ৩৭৫, ৩৭৪, ৩৭৬, ৩৬৫, ৩৬৩, আর এস খতিয়ান নং ৩১১ জেত ৩২৯, প্রেমিসেস নং ৩৪, বেলিলিয়াস রোড, থানা এবং জেলা হাওড়া, হাওড়া পুরনিগমের ওয়ার্ড নং ২০।

তারিখ: ১৮.০৮.২০২৫
স্থান: হাওড়া, পশ্চিমবঙ্গ

স্বাঃ- অনুমোদিত আধিকারিক
টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড-এর পক্ষে

Berger
100 YEARS OF TRUST

বার্জার পেইন্টস ইন্ডিয়া লিমিটেড

(CIN. L51434WB1923PLC004793)
নিবন্ধিত অফিস: বার্জার হাউস, ১২৯ পার্ক স্ট্রিট, কলকাতা - ৭০০০১৭
কর্পোরেট অফিস: প্লট নং সিএফ-৪, অ্যাকশন এরিয়া আইসি, নিউ টাউন, কলকাতা ৭০০১৫৬, টেলিফোন ৯১৪৭৭ ২০৪০০
ইমেল: consumerfeedback@bergerindia.com
ওয়েবসাইট: www.bergerpaints.com

শেয়ারহোল্ডারদের জন্য বিজ্ঞপ্তি

১০০ দিনের প্রচারণা - 'সক্ষম নিবেশক'
অপ্রদত্ত/দাবিহীন লভ্যাংশ আইইপিএফ-এ স্থানান্তর রোধ করতে কেওয়াইসি এবং সম্পর্কিত অন্যান্য আপডেটের জন্য

কর্পোরেট বিষয়ক মন্ত্রণালয়ের (এমসিএ) ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকসন ফান্ড অথরিটি কর্তৃক জারি করা ১৬ জুলাই, ২০২৫ তারিখের চিঠি অনুসারে, যে সকল শেয়ারহোল্ডারদের লভ্যাংশ পরিশোধিত/দাবিহীন সেই বিষয়ে কোম্পানি ২৮ জুলাই, ২০২৫ থেকে ৬ নভেম্বর, ২০২৫ পর্যন্ত 'সক্ষম নিবেশক' শিরোনামে ১০০ দিনের একটি প্রচার শুরু করেছে।

এই উদ্যোগের লক্ষ্য শেয়ারহোল্ডারদের সঙ্গে সক্রিয়ভাবে জড়িত হওয়া এবং তাদের কেওয়াইসি রেকর্ড, ব্যাঙ্ক বিশদ, মনোনীত ব্যক্তি এবং যোগাযোগের তথ্য আপডেট করতে সহায়তা করা, যাতে তাঁরা তাদের ন্যায্য অধিকার দাবি করতে পারেন, যার ফলে তাদের শেয়ার এবং দাবি না করা লভ্যাংশ ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকসন ফান্ড-এ (আইইপিএফ) স্থানান্তর এড়ানো যায়।

বাস্তবিক আকারে শেয়ারধারী শেয়ারহোল্ডাররা কোম্পানির ওয়েবসাইট https://www.bergerpaints.com/investors/services থেকে প্রাসঙ্গিক কেওয়াইসি ফর্ম ডাউনলোড করতে পারবেন।

ডিমেটিরিয়ালাইজড আকারে শেয়ারধারী শেয়ারহোল্ডারদের তাঁদের নিজ নিজ ডিপোজিটরিদের সাথে যোগাযোগ করে তাদের কেওয়াইসি আপডেট করার অনুরোধ করা হচ্ছে।

শেয়ারহোল্ডাররা কোম্পানির রেজিস্ট্রার এবং ট্রান্সফার এজেন্ট (আরটিএ) -এর কাছে লিখতে পারেন: সি বি ম্যানেজমেন্ট সার্ভিসেস (প্রা) লিমিটেড, রসুই কোর্ট, ৬ষ্ঠ তলা, ২০, স্যার আর এন মুখার্জি রোড, কলকাতা - ৭০০ ০০১, টেলিফোন: +৯১ ৩৩ ৬৯০৬৬২০০, ই-মেল rta@cbmsl.com।

বার্জার পেইন্টস ইন্ডিয়া লিমিটেড-এর পক্ষে
স্বা/-
স্থান: কলকাতা
তারিখ: ২০.০৮.২০২৫
অরুণিত গাঙ্গুলি (এফসিএস-৯২৮৫)
ভাইস প্রেসিডেন্ট ও কোম্পানি সেক্রেটারি

EXIDE
এক্সাইড ইন্ডাস্ট্রিজ লিমিটেড

সিআইএন: L31402WB1947PLC014919
রেজিস্টার্ড অফিস: এক্সাইড হাউস, ৫৯ই চৌরঙ্গী রোড, কলকাতা-৭০০ ০২০
ফোন: (০৩৩) ২৩০২৩৪০০/২২৮৩ ২১১৮;
ইমেল: exideindustrieslimited@exide.co.in
ওয়েবসাইট: www.exideindustries.com

শেয়ারহোল্ডারদের জন্য বিজ্ঞপ্তি

(১০০ দিনের অভিযান - 'সক্ষম নিবেশক')

১৬ জুলাই ২০২৫- এ করপোরেট বিষয়ক মন্ত্রকের (এমসিএ) সার্কুলারের সঙ্গে সামঞ্জস্য রেখে, আপনার কোম্পানি 'সক্ষম নিবেশক' নামে ১০০ দিনের একটি প্রচারণা শুরু করতে পেরে আনন্দিত, যা ৬ নভেম্বর ২০২৫ পর্যন্ত চলবে।

এই উদ্যোগের লক্ষ্য হল শেয়ারহোল্ডারদের সাথে সক্রিয়ভাবে জড়িত হওয়া এবং তাদের রেকর্ড আপডেট করতে এবং তাদের ন্যায্য অধিকার দাবি করতে সহায়তা করা, যার ফলে তাদের শেয়ার এবং দাবি না করা লভ্যাংশ ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড অথরিটি (আইইপিএফএ) -এ স্থানান্তর এড়ানো যায়।

শেয়ারহোল্ডারদের সুবিধা

- প্যান, মনোনয়নের বিশদ, যোগাযোগের তথ্য (ডাক ঠিকানা, মোবাইল নম্বর), ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিবরণ এবং নমুনা স্বাক্ষর আপডেট করুন।
- নিশ্চিত করুন যে লভ্যাংশ সরাসরি শেয়ারহোল্ডারদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে জমা হচ্ছে।
- স্থানান্তরের পরে আইইপিএফএ থেকে লভ্যাংশ পুনরুদ্ধারের প্রক্রিয়া এড়িয়ে চলুন।

প্রয়োজনীয় ফরম ও নথিপত্র

শেয়ারহোল্ডারদের নিম্নলিখিত ফর্ম এবং নথি জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে:

- ফর্ম আইএসআর-১: যথাযথভাবে পূরণ এবং স্বাক্ষরিত, স্ব-প্রত্যয়িত কেওয়াইসি নথি সহ।
- ফর্ম আইএসআর-২: যথাযথভাবে পূরণ এবং স্বাক্ষরিত, আপনার স্বাক্ষর এবং মূল বাতিল চেক (আপনার নাম মুদ্রিত) অথবা স্ব-প্রত্যয়িত ব্যাংক পাসবুক/বিবৃতি সহ ব্যাংকারের সত্যায়িতকরণ।
- ফর্ম এসএইচ-১৩: একজন মনোনীত ব্যক্তি যোগ করার জন্য।
- ফর্ম আইএসআর-৩: যদি আপনি মনোনয়ন থেকে বেরিয়ে আসতে চান।

আপনি কোম্পানির ওয়েবসাইট www.exideindustries.com থেকেও এই ফর্মগুলি ডাউনলোড করতে পারেন।

দাখিল নির্দেশাবলী

অনুগ্রহ করে পূরণ করা ফর্মগুলি পূরণ করে প্রয়োজনীয় নথিপত্র সহ আমাদের রেজিস্ট্রার এবং ট্রান্সফার এজেন্ট (আরটিএ)-এর কাছে নিম্নলিখিত ঠিকানায় পৌঁছে দিন: সি বি ম্যানেজমেন্ট সার্ভিসেস (প্রি) লিমিটেড, রসুই কোর্ট, ৬ষ্ঠ তল, ২০, স্যার আর এন মুখার্জি রোড, কলকাতা - ৭০০ ০০১: টেলিফোন +৯১ ৩৩ ৬৯০৬৬২০০ ই মেল: rta@cbmsl.com।

এক্সাইড ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর পক্ষে
স্বা/-
জিতেন্দ্র কুমার
কোম্পানি সচিব এবং সভাপতি
(আইনি ও কর্পোরেট বিষয়ক)
স্থান: কলকাতা
তারিখ: ১৯ আগস্ট ২০২৫
এসিএস নং ১১১৫৯

কেনরা বৈঙ্ক Canara Bank
সিন্ডিকেট Syndicate

দখল বিজ্ঞপ্তি
[১৩(৪) নং ধারা)]
স্থাবর সম্পত্তির জন্য

অ্যাসেট রিকভারি ম্যানেজমেন্ট ব্রাঞ্চ

২১, ক্যামাক স্ট্রিট, ৫ নং ফ্লোর, কলকাতা-৭০০০১৬
ই-মেল: cb2364@canarabank.com

যেহেতু:

কানাড়া ব্যাঙ্ক-এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (অ্যাক্ট ৫৪/২০০২) [এখানে এর পরে 'উক্ত অ্যাক্ট' হিসেবে উল্লিখিত]-এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **ঋণগ্রহীতা(গণ): মেসার্স নিয়োগী স্টেশনারি সার্ভিসেস প্রাইভেট লিমিটেড,** ৫৮, গৌরীবাড়ি লেন, মানিকতলা, পশ্চিমবঙ্গ, কলকাতা-৭০০০০৪; **যূথিকা নিয়োগী (ডিরেক্টর),** ৫৮, গৌরীবাড়ি লেন, মানিকতলা, পশ্চিমবঙ্গ, কলকাতা-৭০০০০৪; **চিন্ময় নিয়োগী (ডিরেক্টর),** পিতা- স্বরাজ কুমার নিয়োগী, ৫৮, গৌরীবাড়ি লেন, শ্যামবাজার, শ্যামবাজার মল, পশ্চিমবঙ্গ, কলকাতা-৭০০০০৪; **যূথিকা নিয়োগী (ডিরেক্টর),** আরিহন্ত অ্যাপার্টমেন্ট, থার্ড ফ্লোর, ফ্ল্যাট নং ৩এ, প্রেমিসেস নং ১৯, বদ্রীদাস টেম্পল স্ট্রিট, থানা- মানিকতলা, পশ্চিমবঙ্গ, পিন-৭০০০০৪, কেএমসি ১৫ নং ওয়ার্ডের এলাকাধীন; **মৃন্ময় নিয়োগী (ডিরেক্টর),** প্রযত্নে- সমীর কুমার নিয়োগী, ৫৮, গৌরীবাড়ি লেন, পশ্চিমবঙ্গ, কলকাতা-৭০০০০৪; মৃন্ময় নিয়োগী (ডিরেক্টর), স্পন্দন, ব্লক নং ৬৭, ফোর্থ ফ্লোর, ফ্ল্যাট নং এ/৬৭/০৪০১, প্লট নং ই/১, নিউ টাউন এএ-III, থানা- রাজারহাট, পশ্চিমবঙ্গ, পিন-৭০০১৩০; যূথিকা নিয়োগী (ডিরেক্টর), আরিহন্ত অ্যাপার্টমেন্ট, থার্ড ফ্লোর, ফ্ল্যাট নং ৩বি, প্রেমিসেস নং ১৯, বদ্রীদাস টেম্পল স্ট্রিট, থানা- মানিকতলা, পশ্চিমবঙ্গ, পিন-৭০০০০৪, কেএমসি ১৫ নং ওয়ার্ডের এলাকাধীন-এর প্রতি **২৮.০৫.২০২৫ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি** জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক অর্থাৎ, **₹৬,৫৯,০০,৫২৬.১৯** (ছয় কোটি উনষাট লক্ষ পাঁচশো ছাব্বিশ টাকা এবং উনিশ পয়সা মাত্র), তৎসহ এর ওপর উদ্ভূত সুদ আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতা/ জামিনদারগণ/ ডিরেক্টরগণ ও আইনি উত্তরাধিকারীগণ দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত উক্ত ঋণগ্রহীতা/ জামিনদারগণ/ ডিরেক্টরগণ ও আইনি উত্তরাধিকারীগণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮ ও ৯-সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **১৮ আগস্ট, ২০২৫** তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তি(গুলি)র দখল নিয়েছেন।

বিশেষত ওই ঋণগ্রহীতা(গণ) এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি(গুলি) নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি(গুলি) নিয়ে যে কোনও ধরনের লেনদেন ২৩.০৫.২০২৫ তারিখের ভিত্তিতে **₹৬,৫৯,০০,৫২৬.১৯** (ছয় কোটি উনষাট লক্ষ পাঁচশো ছাব্বিশ টাকা এবং উনিশ পয়সা মাত্র), তৎসহ এর ওপর উদ্ভূত সুদ সমেত **কানাড়া ব্যাঙ্ক**-এর প্রতি দায় সাপেক্ষ হবে।

সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩(৮) নং ধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ

সম্পত্তি নং ১: সামান্য কমবেশি ১১.৯১ একর মাপের জমিতে নির্মিত 'এসপি-সুখবৃষ্টি'-এর অংশ রূপে 'স্পন্দন' ব্লকের ১বি ফেজের 'এ' ক্লাস্টারের ৬৭ নং স্টেয়ার কেসের বিল্ডিংয়ের ফোর্থ ফ্লোরে (পঞ্চম তল) একটি বেডরুম, একটি লিভিং/ ডাইনিং রুম, একটি কিচেন, একটি ব্যালকনি ও একটি টয়লেট নিয়ে গঠিত ও সামান্য কমবেশি ৩২০ বর্গফুট কার্পেট এরিয়া বিশিষ্ট ও এ/৬৭/০৪০১ নম্বরযুক্ত একটি অ্যাপার্টমেন্টের (১বিএইচকে) অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: প্লট নং ই/১, নর্থ বাগজোলা ক্যানেল, এএ-III, নিউ টাউন রাজারহাট, থানা- রাজারহাট, কলকাতা-৭০০১৩৫, তৎসহ স্পন্দন ব্লকের গ্রাউন্ড ফ্লোরে এ-৬৭/এস০৯ নম্বরযুক্ত একটি পার্কিং স্পেস (দুইচাকা গাড়ি রাখার) এবং এ-৬৭/২ নম্বরযুক্ত একটি পার্কিং স্পেস (চারচাকা গাড়ি রাখার)। **বিল্ডিংয়ের চৌহদ্দি ও চতুর্সীমা (প্লট নং III/ই/১):** উত্তর- সীমান্তবর্তী খাল এবং পথ; দক্ষিণ- ৪৮ মিটার চওড়া রাস্তা; পূর্ব- ৪৮ মিটার চওড়া আর্টেরিয়াল রোড (এনএস); পশ্চিম- সীমান্তবর্তী খাল ও পথ। বিল্ডিংয়ের চৌহদ্দি ও চতুর্সীমা (প্লট নং III/ই/২): উত্তর- ৪৮ মিটার চওড়া রাস্তা; দক্ষিণ- সীমান্তবর্তী খাল ও পথ; পূর্ব- ৪৮ মিটার চওড়া আর্টেরিয়াল রোড; পশ্চিম- সীমান্তবর্তী খাল ও পথ।

স্বত্বধারকের নাম: মৃন্ময় নিয়োগী (জামিনদার ও বন্ধকদাতা)
[CERSAI অ্যাসেট আইডি: ২০০০৬০৭২০৯৯০]

সম্পত্তি নং ২: সামান্য কমবেশি ৬ কাঠা ৮ ছটাক জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ সমেত এই জমিতে নির্মিত বহুতল বিল্ডিংয়ের থার্ড ফ্লোরে (চতুর্থ তল) তিনটি বেডরুম, একটি লিভিং রুম, একটি কিচেন, দুটি টয়লেট ও একটি ব্যালকনি নিয়ে গঠিত সামান্য কমবেশি ১৪২৫ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট ফ্ল্যাট নং ৩বি-এর অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: প্রেমিসেস নং ১৯, বদ্রীদাস টেম্পল স্ট্রিট, কলকাতা-৭০০০০৪, কলকাতা পুরনিগমের ১৫ নং ওয়ার্ডের এলাকাধীন, থানা- মানিকতলা। **বিল্ডিংয়ের চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর- প্রেমিসেস নং ১৭ এবং ১৭/১, বদ্রীদাস টেম্পল স্ট্রিট, কলকাতা; দক্ষিণ- প্রেমিসেস নং ২১এ, বদ্রীদাস টেম্পল স্ট্রিট, কলকাতা; পূর্ব- প্রেমিসেস নং ১১, বদ্রীদাস টেম্পল স্ট্রিট, কলকাতা; পশ্চিম- কলকাতা পুরনিগমের ৩০ ফুট চওড়া রাস্তা (বদ্রীদাস টেম্পল স্ট্রিট)।

স্বত্বধারকের নাম: মৃন্ময় নিয়োগী (জামিনদার ও বন্ধকদাতা)
[CERSAI অ্যাসেট আইডি: ২০০০৬০৬৯৮৯৯১]

সম্পত্তি নং ৩: সামান্য কমবেশি ৬ কাঠা ৮ ছটাক জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ সমেত এই জমিতে নির্মিত বহুতল বিল্ডিংয়ের থার্ড ফ্লোরে (চতুর্থ তল) তিনটি বেডরুম, একটি লিভিং রুম, একটি কিচেন, দুটি টয়লেট ও একটি ব্যালকনি নিয়ে গঠিত সামান্য কমবেশি ১৪২৫ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট ফ্ল্যাট নং ৩এ-এর অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: প্রেমিসেস নং ১৯, বদ্রীদাস টেম্পল স্ট্রিট, কলকাতা-৭০০০০৪, কলকাতা পুরনিগমের ১৫ নং ওয়ার্ডের এলাকাধীন, থানা- মানিকতলা। **বিল্ডিংয়ের চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর- প্রেমিসেস নং ১৭ এবং ১৭/১, বদ্রীদাস টেম্পল স্ট্রিট, কলকাতা; দক্ষিণ- প্রেমিসেস নং ২১এ, বদ্রীদাস টেম্পল স্ট্রিট, কলকাতা; পূর্ব- প্রেমিসেস নং ১১, বদ্রীদাস টেম্পল স্ট্রিট, কলকাতা; পশ্চিম- কলকাতা পুরনিগমের ৩০ ফুট চওড়া রাস্তা (বদ্রীদাস টেম্পল স্ট্রিট)।

স্বত্বধারকের নাম: যূথিকা নিয়োগী (জামিনদার ও বন্ধকদাতা)
[CERSAI অ্যাসেট আইডি: ২০০০৬০৬৯২১৬১]

তারিখ: ১৮.০৮.২০২৫
স্থান: কলকাতা

অনুমোদিত আধিকারিক
কানাড়া ব্যাঙ্ক

BRNL
Behtar Raaste Badhta Bharat

ভারত রোড নেটওয়ার্ক লিমিটেড

সিআইএন: L45203WB2006PLC112235
নিবন্ধিত অফিস: প্লট নং এক্স১-২ ও ৩, একতলা, ব্লক-ইপি, সেক্টর ৫, সল্ট লেক সিটি, কলকাতা ৭০০০৯১
টেলিফোন নং: ০৩৩ ৬৬৬৬ ২৭০০, **ওয়েবসাইট:** www.brnl.in। **ই মেল:** cs@bml.in

১৮তম বার্ষিক সাধারণ সভা সম্পর্কিত তথ্য

এতদ্বারা **বিজ্ঞপ্তি** দেওয়া হচ্ছে যে, কোম্পানির সদস্যদের ১৮তম (আঠারো তম) ব